

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

ভূরুঙ্গামারী উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির মার্চ/২০২৬ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব শাহাদাৎ হোসেন উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
সভার স্থান	:	উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিস কক্ষ।
সভার তারিখ	:	০২/০৩/২০২৬ খ্রিঃ
সময়	:	দুপুর ২:০০ ঘটিকা।
উপস্থিত সদস্যস্বন্দ	:	পরিশিষ্ট “ক” তে বর্ণিত।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান এবং উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি অত্র উপজেলাকে সভা পরিচালনার আস্থান জানান।

১। উপজেলা কৃষি অফিসার সভায় কৃষি প্রণোদনা/পুনর্বাসন বাস্তবায়ন নীতিমালা পাঠ করে শোনান এবং সকলকে অবগত করেন যে, কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার স্বারক নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৫.৪৪০ তারিখ- ২৩ ডিসেম্বর/২০২৫ খ্রি. এবং জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কুড়িগ্রাম এর স্বারক নং-১২.১৭.৪৯০০.০৩৯.০৮.০৪৬.২৫.৩৬(২৮) তারিখ-০৪/০১/২০২৬খ্রিঃ মোতাবেক ভূরুঙ্গামারী উপজেলায় ২০২৫-২৬ অর্থবছরে কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের জন্য- কৃষি প্রণোদনা/পুনর্বাসন কর্মসূচির আওতায় রবি/২০২৫-২৬ মৌসুমে হলুদ ফসলের ১০ জন কৃষকের বীজ ও সার বরাদ্দ পাওয়া গিয়েছে।

সিদ্ধান্ত : বরাদ্দকৃত বীজ ও সার বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। উপস্থিত সদস্যগণের ঐকমত্য ও ইউনিয়ন পর্যায়ে বরাদ্দ বিভাজনের পূর্বে সম্মানিত উপজেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম মহোদয়ের পরামর্শ গ্রহণ করা হয় এবং উপজেলার জন্য প্রাপ্ত বরাদ্দ সম্পর্কে আলাপ আলোচনান্তে ইউনিয়নে রবি/২০২৫-২৬ মৌসুমের চাষের উপযোগিতা অনুসারে প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকগণ প্রণোদনার আওতায় নিম্নবর্ণিতভাবে বিভাজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আবাদের সম্ভাবনা এবং উপযোগিতার ভিত্তিতে ইউনিয়ন ভিত্তিক বিভাজন :

ক্রঃনং	ইউনিয়নের নাম	ফসলের নাম ও ইউনিয়ন প্রতি বরাদ্দের পরিমাণ (জন/বিঘা)		সর্বমোট
		হলুদ		
১	পাথরডুবি	০১		০১
২	শিলখুড়ী	০১		০১
৩	তিলাই	০১		০১
৪	পাইকেরছড়া	০১		০১
৫	ভূরুঙ্গামারী	০১		০১
৬	জয়মনিরহাট	০১		০১
৭	আন্ধারীঝাড়	০১		০১
৮	বলদিয়া	০১		০১
৯	চর ভূরুঙ্গামারী	০১		০১
১০	বঙ্গসোনাহাট	০১		০১
সর্বমোট=		১০		১০

৩। প্রতিজন কৃষক নিম্নরূপ উপকরণ পাবেন -

বিঘা প্রতি উপকরণ সহায়তার বিবরণ:				
ক্রমিক নং	ফসলের নাম	২০ শতক জমির জন্য ০১ জন কৃষক যা পাবেন (কেজি)		
		বীজ	ডিএপি	এমওপি
০১	হলুদ	১০০	০৫	০৫


৪। উপরোক্ত বিভাজন মোতাবেক সংশ্লিষ্ট ব্লক/ইউনিয়নের উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাবর প্রেরণ করবেন। উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি উক্ত অগ্রাধিকার তালিকা জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করবেন। একজন চাষী পরিবারকে যেকোন একটি ফসলের বেশি প্রণোদনা সহায়তা করা যাবে না। অতঃপর অনুমোদিত অগ্রাধিকার তালিকা হতে রোডম্যাপ বা নির্দেশনা অনুসারে এ কর্মসূচি বাস্তবায়িত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। এ কর্মসূচির আওতায় অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক পরিবারকে হলুদ উৎপাদনে ২০ শতক জমির জন্য প্রণোদনা সহায়তা করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। অত্র প্রণোদনা কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত একটি কৃষক পরিবার ২০ শতক জমির জন্য ১০০ কেজি করে হলুদ বীজ ও ০৫ কেজি ডিএপি ও ০৫ কেজি এমওপি সার সহায়তা পাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৭। উপজেলা কৃষি অফিসার সভাকে অবগত করেন যে, সচিবালয়ের নির্দেশমালা অনুযায়ী ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA'2006 ও PPR'2008 অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করা হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় কৃষি পুনর্বাসন কর্মসূচী বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



(শাহাদাত হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি


ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।

স্মারক নং-১২.১৮.৪৯০৬.০০০.০৪০.৪০.০০৪০.১৯-২২৮

তারিখঃ ০২/০৩/২০২৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কুড়িগ্রাম।
- ০২। উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, খামারবাড়ি, কুড়িগ্রাম।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।
- ০৪। উপজেলা মৎস্য অফিসার, ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।
- ০৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।
- ০৬। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।
- ০৭। উপজেলা যুব উন্নয়ন অফিসার, ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।
- ০৮। উপ সহকারী উদ্ভিদ সংরক্ষণ অফিসার, ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।
- ০৯। উপ সহকারী কৃষি কর্মকর্তা (সকল) ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।



(মোঃ আব্দুল জব্বার)

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি

ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।